



স্থানীয় সরকার নির্বাচনে হস্তক্ষেপ না করার নির্দেশনা: চিফ হুইপ



চিফ হুইপ নুরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে কোনো ধরনের প্রভাব বিস্তার বা প্রশাসনিক হস্তক্ষেপ করা যাবে না বলে জানিয়েছেন চিফ হুইপ। তিনি বলেন, এবারের নির্বাচন দলীয় প্রতীকে অনুষ্ঠিত হবে না।

রোববার (১১ অক্টোবর) সংসদীয় ও দলীয় বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা জানান তিনি। বৈঠকে আইনশৃঙ্খলা পরিস্থিতি, বিদ্যুৎ ও জালানি খাত এবং স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। পাশাপাশি সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছানো কি না, তা মূল্যায়নের ওপর গুরুত্ব দেওয়া হয়।

চাঁদাবাজি ও দখলদারত্বের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়ে চিফ হুইপ বলেন, বিএনপিতে চাঁদাবাজি ও দখলদারদের জায়গা নেই। দলীয় পরিচয়ে কেউ অপকর্ম করলে ছাড় দেওয়া হবে না। এ বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান কঠোর নির্দেশনা দিয়েছেন।

শারদীয় দুর্গাপূজার নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ নজরদারির নির্দেশনাও দেওয়া হয়েছে বলে জানান তিনি। প্রতিটি সংসদীয় আসনের সংসদ সদস্যদের নিজ নিজ এলাকার পূজামণ্ডপের কার্যক্রমে সম্পৃক্ত থাকতে বলা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে তাঁরা মাঠপর্যায়ে কাজ করবেন।

চিফ হুইপ আরও বলেন, শিগগিরই স্থানীয় সরকার নির্বাচনের তফসিল ও আয়োজনের বিষয়ে অগ্রগতি হবে। এ জন্য দলের ঐক্য বজায় রাখা এবং সরকারের উন্নয়ন কর্মকাণ্ড জনগণের সামনে তুলে ধরার নির্দেশনা দেওয়া হয়েছে। নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু করতে কোনো ধরনের হস্তক্ষেপ না করার প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়ন করা হবে।